

শেখের কাগজ -
২৭ ফেব্রুয়ারী, ২০১০

খ্রিঃ - ৮

স্বাধীনতা

০৭০.৪০৬

স্বাধীনতা

বাঙালির ভালো কাজের মধ্যে একশের বইমেলা একটি : ফরাসউদ্দিন

কাজী সাইফুদ্দিন অভি : বাঙালি যে সব ভালো কাজ করেছে তার মধ্যে অমর একশে বইমেলায় আয়োজন অন্যতম ভালো কাজ। প্রাণের যে স্পন্দন তা একশের বইমেলায় আসলে উপলব্ধি করা যায়। আশার ● এরপর-পৃষ্ঠা ৭ কলাম ২



স্বাধীনতা

● শেষের পাতার পর কথা হলো বইয়ের প্রতি তরুণ প্রজন্মের অগ্রহী দিন দিন বাড়ছে। বইয়ের প্রতি মানুষের যে ভালোবাসা তা আমাকে অভিভূত করে।

আগামী প্রকাশনীর স্টলে বসে ভোরের কাগজের সঙ্গে একান্ত সাক্ষাৎকারে অমর একশে বইমেলা-২০১০ নিয়ে এভাবেই অনভূতি ব্যক্ত করেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ও 'প্রথম দর্শনে বঙ্গবন্ধু' বইয়ের লেখক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন।

তিনি বলেন, যতোই পাঠক বাড়বে ততোই আমাদের স্বাধীনতার মূল্যবোধ সমৃদ্ধ হবে। মানুষ যতোই বইপ্রেমী হবে ততোই প্রগতিশীলতা ও বাঙালি জাতীয়তাবাদের প্রতি তাদের দরদ বাড়বে। সঙ্গে সঙ্গে দেশ ও জাতিও উপকৃত হবে।

নতুন লেখক সৃষ্টি প্রসঙ্গে ড. ফরাসউদ্দিন বলেন, নতুনদের মেলায় প্রবেশ করতে কষ্ট হয়। এজন্য সবচেয়ে বেশি প্রয়োজন সামাজিক সচেতনতা। অর্থনৈতিক মুক্তির বিষয়ে নতুন অনেকেই প্রচুর

লেখালেখি করেছে। এ বিষয়ে তারা যাতে বই লিখতে অগ্রহী হয় তার জন্য তাদের উৎসাহ ও সহযোগিতা করতে হবে। নতুনদের লেখা প্রকাশিত না হলে তাদের মূল্যায়ন করা যাবে না। নতুন লেখক সৃষ্টির ব্যাপারে তিনি সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে কর্পোরেট সেক্টরগুলোকে এগিয়ে আসার আহ্বান জানান। নবীন লেখকদের বই ছাপার বিষয়ে তারা যদি সহযোগিতার হাত বাড়ায় তাহলে তারা উৎসাহী হবে নতুন নতুন সৃষ্টি করতে।

লেখক ফরাসউদ্দিন বলেন, প্রতি বছরই আমি একশের বইমেলায় ৮/১০ বার আসি। মেলা ঘুরেফিরে দেখি ও বই কিনি। বইমেলায় ঘুরতে আমার খুব ভালো লাগে। তিনি জানান, ৫০ এর দশক থেকে আমি লেখালেখি শুরু করি। ওই সময় কচিকাচার আসরে লিখতাম। মাঝে কয়েক বছর বাদ দিয়ে স্বাধীনতার পর আবার শুরু হয় আমার লেখালেখি। এ বছর অমর একশের বইমেলায় আমার লেখা 'প্রথম দর্শনে বঙ্গবন্ধু' বইটি প্রকাশ করেছে আগামী প্রকাশনী। এর আগে ২০০৭ সালে গণতন্ত্রের পথে অর্থনৈতিক সমৃদ্ধি বইটি প্রকাশিত হয়। এছাড়া আগামী মাসে 'পলিটিক্যাল রিফর্মস' নামে আমার আরো একটি বই প্রকাশিত হবে।

